

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
উন্নয়ন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

বিষয়ঃ ২০১৪ শিক্ষাবর্ষে প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ নীতিমালা।


জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত কারিকুলাম অনুসরণ করে এমন সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বিনামূল্যে পাঠ্যবই সরবরাহ করা হবে। বিদ্যালয়ের ক্যাটাগরি নিম্নরূপঃ

১. সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
২. রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
৩. আন-রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
৪. সরকারী মাধ্যমিক/নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
৫. স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী মাধ্যমিক/নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত (রেজিস্টার্ড ও আন-রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী);
৬. এনসিটিবির কারিকুলাম অনুসৃত হয় এমন সকল রেজিস্টার্ড ও আন-রেজিস্টার্ড কিন্ডার গার্টেনের ছাত্র/ছাত্রী;
৭. পিটিআই-সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
৮. কমিউনিটি বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
৯. শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
১০. কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রের প্রাথমিক স্তরের ছাত্র/ছাত্রী;
১১. সরকারী ও স্বীকৃতিপ্রাপ্ত এতিমখানা ও শিশু পরিবারের প্রাথমিক স্তরের ছাত্র/ছাত্রী;
১২. বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন কর্তৃক পরিচালিত কিংবা অনুমোদিত বিদ্যালয়ের প্রাথমিক স্তরের ছাত্র/ছাত্রী;
১৩. চা বাগানের ব্যবস্থাপনায় পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
১৪. সরকার কর্তৃক প্রতিষ্ঠিত কিন্তু অকার্যকর/অব্যবহৃত কমিউনিটি বিদ্যালয় পরিচালনার জন্য মনোনীত এনজিও কর্তৃক পুনঃচালুকৃত বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
১৫. প্রাথমিক শিক্ষাদানে নিয়োজিত বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা/এনজিও কর্তৃক পরিচালিত এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক (যেমনঃ এনজিও বিষয়ক ব্যুরো, সমাজকল্যাণ অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং যুব উন্নয়ন অধিদপ্তর ইত্যাদি) অনুমোদিত বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
১৬. সরকার কর্তৃক বাস্তবায়িত আবাসন ও আশ্রয়ন প্রকল্পের কমিউনিটি বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
১৭. পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় পার্বত্য চট্টগ্রাম এলাকার হেডম্যান কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
১৮. স্থানীয় সরকার (যেমন-সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ) কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী;
১৯. এস ও এস শিশু পল্লীতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী;
২০. প্রতিবন্ধী স্কুল (সমাজ কল্যাণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিশেষ স্কুল) এবং শারিরিক ও মানসিক প্রতিবন্ধীদের পাঠদান করা হয় এমন অন্যান্য প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী;
২১. রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রক্ষ) প্রকল্পের আওতায় আনন্দ স্কুলের ছাত্র/ছাত্রী;
২২. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ চর জীবিকায়ন কর্মসূচি (সিএলপি) প্রকল্পের ছাত্র/ছাত্রী;
২৩. উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের/কেন্দ্রের ছাত্র/ছাত্রী;
২৪. জাতীয় শিক্ষানীতি ২০১০ এর নির্দেশনা অনুযায়ী প্রাথমিক শিক্ষাকে ৮ম শ্রেণি পর্যন্ত সম্প্রসারণের লক্ষ্যে ক্রমান্বয়ে ৬ষ্ঠ-৮ম শ্রেণি চালুর জন্য প্রয়োজনীয় শিক্ষক ও অবকাঠামোগত সুবিধা রয়েছে এরূপ প্রাথমিক বিদ্যালয় থাকে সত্ত্বেও আশে পাশের মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা হচ্ছে। এরূপ মাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক স্তরের ছাত্র/ছাত্রীদের বিতরণের জন্য বিনামূল্যের পাঠ্যপুস্তক ঐসব বিদ্যালয়ে দেয়া হবে না।

P

২৫. উপরে বর্ণিত ক্যাটাগরীর বাইরে কোন বিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহের আবেদন করলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর যথাযথ যাচাই ও তদন্ত সাপেক্ষে ঐ সকল শিক্ষা প্রতিষ্ঠানেও পাঠ্যপুস্তক সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে।
২৬. প্রতিটি পিটিআই-কে ৫০ সেট, উপজেলা রিসোর্স সেন্টারকে ৩০ সেট এবং জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)-কে ৩০ সেট করে বাংলা ভাষার পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। নেপ এবং পিটিআইকে জেলা বাফার স্টক থেকে এবং উপজেলা রিসোর্স সেন্টারকে উপজেলা স্টক থেকে পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে।
২৭. প্রতিটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে, রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে, কমিউনিটি বিদ্যালয়, পরীক্ষণ বিদ্যালয় এবং প্রত্যেক উপজেলা শিক্ষা অফিসে ১ সেট করে, প্রত্যেক উপজেলা রিসোর্স সেন্টারে ২ সেট, প্রত্যেক পিটিআইয়ে ১০ সেট এবং জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমীতে (নেপ)-১০ সেট করে ইংরেজী ভাষার পাঠ্যপুস্তক সংশ্লিষ্ট জেলার বাফার স্টক থেকে সরবরাহ করতে হবে।
২৮. বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা এবং খ্রিষ্টান ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে পাঠ্যপুস্তক জেলাসমূহে পৌছানোর পর উপজেলাসমূহ সংশ্লিষ্ট জেলা হতে উক্ত পাঠ্যপুস্তক যথাসময়ে সংগ্রহ করবে। উপজেলায় বই সরবরাহের হিসাব প্রদানের সময় অবশ্যই বৌদ্ধ ও খ্রিষ্টান ধর্মের পাঠ্যপুস্তকের অন্ততঃ শতকরা ৯০% সরবরাহ হয়েছে মর্মে নিশ্চিত হতে হবে।
২৯. ইংরেজী ভাষার পাঠ্যপুস্তক জেলার অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়। সে প্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক কেন্দ্রীয় গুদাম থেকে স্ব-স্ব জেলায় পরিবহনপূর্বক উপজেলাসমূহে সরবরাহ করতে হবে।
৩০. পূর্বে প্রেরিত চাহিদা সাপেক্ষে সকল ক্যাটাগরীর বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণির প্রত্যেক শিক্ষার্থীর জন্য ১টি করে আমার বই, ১টি অনুশীলনী খাতা, প্রতি বিদ্যালয়ের জন্য ১০টি গল্পের বইয়ের ৩ সেট বই, ১টি শিক্ষক সহায়িকা, ১টি স্বরবর্ণ চার্ট, ১টি ব্যঞ্জনবর্ণের চার্ট, ১টি ফ্লিপ চার্ট, ৭০টি কার্ডের সমন্বয়ে ১টি সেট হিসেবে ৪ সেট ব্ল্যাশ কার্ড সরবরাহ করা হবে।
৩১. ৩১ ডিসেম্বর, ২০১৩ এর মধ্যে সকল বিদ্যালয়ে পাঠ্যপুস্তক সরবরাহ এবং ১ জানুয়ারি, ২০১৪ এর মধ্যে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ নিশ্চিতকরণের লক্ষ্যে ২০১৪ সনের বই বিতরণে জন্য প্রস্তাবিত কার্যপদ্ধতি :
০১. ১ম-৫ম শ্রেণির সকল ছাত্রছাত্রীকে সম্পূর্ণ নতুন বই বিনামূল্যে প্রদান করা হবে। ২০১৩ শিক্ষাবর্ষ হতে চালুকৃত কারিকুলাম অনুযায়ী মুদ্রিত পাঠ্যপুস্তকের বিভিন্ন ক্রটি সংশোধন করে ২০১৪ শিক্ষাবর্ষের জন্য নতুনভাবে বই মুদ্রণ করা হয়েছে বিধায় ২০১৩ শিক্ষাবর্ষে সরবরাহকৃত উদ্বৃত্ত পাঠ্যপুস্তক ছাত্র/ছাত্রীদের মাঝে বিতরণ করা যাবে না।
০২. ২০১৪ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক সংশ্লিষ্ট সকলের মধ্যে বিতরণের পর উদ্বৃত্ত থাকলে শিক্ষাক্রম অপরিবর্তিত থাকা সাপেক্ষে পরবর্তী বছরে বিতরণের জন্য সুষ্ঠুভাবে সংরক্ষণ করতে হবে।
০৩. পাঠ্যবই গ্রহণকারী শিক্ষার্থীর পিতা/মাতা/ অভিভাবকের নিকট থেকে সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃক প্রাপ্ত স্বীকারপত্রে স্বাক্ষর গ্রহণ করতে হবে।
০৪. বিতরণের পূর্বে প্রত্যেকটি বইয়ে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিস ও বিদ্যালয়ের সীল দিতে হবে। উপজেলা শিক্ষা অফিসের সীল বইয়ের কভারে এবং বিদ্যালয়ের সীল বইয়ের ২য়/৩য় পৃষ্ঠায় ব্যবহার করতে হবে। সীলে "বিনামূল্যে বিতরণকৃত" কথাগুলো উল্লেখ থাকতে হবে।
০৫. পাঠ্যপুস্তক গ্রহণ, বিতরণ এবং উদ্বৃত্ত পাঠ্যপুস্তকের হিসাব রেজিস্টারে/বালাম বইয়ে লিপিবদ্ধ করতে হবে।
০৬. বেসরকারী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট এনজিও-এর প্রধান নির্বাহী কর্তৃক লেটারহেড প্যাডে প্রত্যয়নের মাধ্যমে ক্ষমতা প্রদত্ত প্রধান শিক্ষকের নিকট বই হস্তান্তর করতে হবে। অন্য কারও প্রত্যয়ন গ্রহণযোগ্য হবে না এবং ক্ষমতাপ্রাপ্ত প্রধান শিক্ষক ছাড়া অন্য কারও নিকট বই প্রদান করা যাবে না।
০৭. প্রতিটি পিটিআই-কে ৫০ সেট, উপজেলা রিসোর্স সেন্টারকে ৩০ সেট এবং জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)-কে ৩০ সেট করে বাংলা ভাষার পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। নেপ এবং পিটিআইকে জেলা বাফার স্টক থেকে এবং উপজেলা রিসোর্স সেন্টারকে উপজেলা স্টক থেকে পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে।
০৮. পাঠ্যপুস্তক বিতরণ শেষ হবার পর উপজেলা শিক্ষা অফিসার ৭ মার্চের মধ্যে উদ্বৃত্ত বইয়ের হিসাব ও প্রকৃত ছাত্র/ছাত্রীর সংখ্যা এবং ১ ফেব্রুয়ারি ২০১৪ এর মধ্যে পরবর্তী বছরের সম্ভাব্য ছাত্র/ছাত্রী ও বইয়ের

- প্রাথমিক সম্ভাব্য চাহিদা প্রভৃতি তথ্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসে ০২ কপি প্রেরণ করবেন।
০৯. প্রতিটি বিদ্যালয় পূর্ববর্তী বছরেই সম্ভাব্য চাহিত পাঠ্যপুস্তকের চাহিদা প্রেরণ করবে।
১০. সকল পাঠ্য বইয়ের Soft Copy জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ওয়েবসাইটে থাকবে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটের ([www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)) সাথে লিংক থাকবে।
১১. এনসিটিবি মূল্যের বিনিময়ে ক্রয়যোগ্য প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক মুদ্রণ করবে না।
১২. ২০১৩ শিক্ষাবর্ষের উদ্বৃত্ত পাঠ্যপুস্তক ২০১৪ শিক্ষাবর্ষে ব্যবহার করা যাবে না। বিধায় নির্দেশনা মোতাবেক নিলামের মাধ্যমে বিক্রয়ের নিমিত্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ ব্যবস্থা গ্রহণ করবেন।
১৩. প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের চাহিদার আলোকে এনসিটিবি প্রাথমিক স্তরের ইংলিশ ভার্সন বই মুদ্রণ করবে এবং তা বিনামূল্যে বিতরণের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কেন্দ্রীয় গুদামে সরবরাহ করবে।
১৪. আপদকালীন জরুরী প্রয়োজন মেটানোর জন্য জেলার বাফার স্টকে জেলার মোট চাহিদার ৫% অতিরিক্ত বই সংরক্ষণ করতে হবে।
১৫. রিপোর্টার ছাত্র/ছাত্রীদের মাঝে বই বিতরণ করা যাবে।
১৬. প্রাক-প্রাথমিক শ্রেণির পঠন পাঠন সামগ্রী এবং ১ম-৫ম শ্রেণির পাঠ্যপুস্তক সরবরাহ ও বিতরণের ক্ষেত্রে পৃথক চালান ব্যবহার করতে হবে।
১৭. ১৫ মার্চের মধ্যে বিতরণকৃত পাঠ্যপুস্তকের হিসাব সফটওয়্যারে এন্ট্রি করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বই বিতরণ শাখায় এবং আইএমডি ডিভিশনে সিডি (পাঠ্যপুস্তক প্রাপ্ত সকল ক্যাটাগরীর স্কুলের তথ্য সম্বলিত) আকারে প্রেরণ নিশ্চিত করতে হবে।

  
০২.০২.১৬  
(নুজহাত ইয়াসমিন)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫১২২২৮